গাংনী পৌরসভা নির্বাচন উপলক্ষে কৃষকলীগের কর্মীসভা

আসন্ন গাংনী পৌরসভা নির্বাচন উপলক্ষে কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকালে পৌর কৃষকলীগের উদ্যোগে অডিটরিয়াম হলে এ কর্মী সভা অনুষ্ঠিত হয়।

কর্মী সভায় সভাপতিত্ব করেন পৌর কৃষকলীগের সভাপতি বদরুল আলম বুদু।

এসময় জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক,সাবেক সংসদ সদস্য মো: মকবুল হোসেন,আওয়ামীলীগ মনোনীত মেয়র প্রার্থী আহমেদ আলী,কৃষক লীগ কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি মাহবুব আলম শান্তি,মেহেরপুর জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন,গাংনী উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, পৌর আওয়ামীলীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু, সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন,

গাংনী উপজেলা কৃষকলীগের সভাপতি মোশারফ হোসেন, সাধারণ সম্পাদক আতিয়ার রহমান, গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি প্রভাষক রিয়াজ আহমেদ, তহিদুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক আমজাদ হোসেন, সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন সহ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। জেলা কৃষকলীগের সাংগঠনিক সম্পাদক মশিউর রহমান পলাশের সঞ্চালনায় পৌর কৃষকলীগের ৯ টি ওয়ার্ডের সভাপতি ও সাধারণ সম্পাদক বৃন্দ বক্তব্য দেন এবং নৌকা কে বিজয়ী করার জন্য শপথ নেন।

গাংনী পৌর নির্বাচন উপলক্ষে

বিএনপির কর্মী সভা

মেহেরপুরের গাংনী পৌরসভা নির্বাচন উপলক্ষে কর্মী সভা করেছে বিএনপি। শনিবার সন্ধ্যায় শিশিরপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এ কর্মী সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন ২ নং ওয়ার্ড বিএনপির সভাপতি মুন্নাফ আলী। এসময় গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও মেয়র প্রার্থী আসাদুজ্জামান বাবলু,সাবেক উপজেলা চেয়ারম্যান মুরাদ আলী,পৌর কৃষকদেলের সভাপতি আব্দুল মান্নান, সাধারন সম্পাদক শরিফুল রইসলাম, বিএনপি নেতা আব্দুল গনী, আব্দুল খালেক, ইমন আহমেদ,

মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইন,গাংনী উপজেলা ছাত্রদলের সভাপতি নাজমুল খান,গাংনী পৌর ছাত্রদের সভাপতি ইমন, সরকারী ডিগ্রী কলেজের সভাপতি জুনাইদ আহমেদ সহ বিএনপির ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ইউনিয়নবাসীর ভালবাসা আমার কাজ করার প্রেরণা- চেয়ারম্যান কবির হোসেন

ঝিনাইদহ সদর উপজেলার ১৭নং নলডাংগা ইউনিয়নের চেয়ারম্যান কবির হোসেন বিশ্বাস প্রধানমন্ত্রীর স্বপ্ন পুরণে নিরলস ভাবে কাজ করে চলেছেন। তিনি দীর্ঘ ৫ বছর ইউনিয়নের উন্নয়নে নানামূখী কার্যক্রম পরিচালনা করেছেন।

অনেক উন্নয়ন মূলক কর্মকাণ্ডে নতুন করে হাতে নিয়েছেন । সেই সাথে রাজনৈতিক কর্মসূচির মাধ্যমেও এলাকাবাসীকে ঐক্যবদ্ধ ও সুসংগঠিত করে শান্তিপূর্ণ ইউনিয়ন হিসেবে গড়ে তুলেছেন। যে জনপদে চলতো অস্ত্রের ঝনঝনানি সেখানে ফিরে এসেছে ভালবাসা আর শান্তির সুবাতাস।

এই জনপদের মানুষের ভালবাসা তার টিকে থাকার প্রেরণা বলে মনে করেন

তিনি। দলের ত্যাগী নেতা-কর্মীদের মূল্যায়নসহ সর্বস্তরের কর্মী সমর্থকদের বিপদে আপদে অভিভাবকের মতো সবসময় পাশে দাঁড়িয়েছেন। ভূমিকা রেখেছেন ইউনিয়নকে মাদকমুক্ত, সন্ত্রাসমুক্ত, পরিকল্পিত, পরিচ্ছন্ন, জনবান্ধব ডিজিটাল ইউনিয়ন হিসেবে গড়ে তুলতে।

ইউনিয়ন পরিষদের তথ্যসূত্রে জানা যায়, কবির হোসেন চেয়ারম্যান এর দায়িত্ব নেওয়ার পর সততা ও নিষ্ঠার সাথে প্রধানমন্ত্রী ও স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ঠিক উপায়ে মানুষের প্রাপ্য যেমন ভিজিএফ, ভিজিডি, বয়স্ক ভাতা, বিধবা ভাতা, ১০০ভাগ প্রতিবন্ধী ভাতাসহ সকল সুবিধা সুষ্ঠুভাবে বণ্টন করেছেন।

সরকারি সুবিধার পাশাপাশি নিজ উদ্যোগে অসহায়, দরিদ্র মানুষের পাশে দাঁড়িয়ে অসামান্য অবদান রেখেছেন করোনাকালীন। ১৭ নং নলডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি কবির হোসেন বিশ্বাসের সাথে একান্ত আলাপচারিতায় তিনি বলেন, আমি দলীয় প্রতিশ্রুতি রক্ষা করেই স্থানীয় সরকার মন্ত্রণালয়ের দিক-নির্দেশনা মোতাবেক জনগণের সেবক হিসেবে এই ৫বছর কাজ করেছি। ইউনিয়নবাসীর ভালবাসা আমার কাজ করার প্রেরণা।

আমার বিশ্বাসের জায়গা থেকে আশাবাদী দলীয় মনোনয়ন আমিই পাবো। এছাড়াও প্রতিদিন এলাকার ভোটারদের সাথে কুশল বিনিময়, পাড়া- মহল্লায় আলোচনা ও দূরত্ব বজায় রেখে গণসংযোগ অব্যাহত রেখেছেন তিনি। বিগত সময়ের ভুলত্রুটি শুধরে নিয়ে নতুনভাবে ইউনিয়নকে গড়ে তোলার প্রতিশ্রুতিও দিচ্ছেন।

তিনি আরও বলেন, করোনার এই ক্রান্তিকালে আমি নিজের কথা ভাবিনি, ভেবেছি অসহায় মানুষের কথা। ছুটে গিয়েছি তাদের কাছে এবং সমাধান করেছি নানা সমস্যার। গ্রামের পাড়ায় পাড়ায় সরকারি সহযোগিতা ছাড়াও নিজ উদ্যোগে হাজার হাজার পরিবারের মাঝে খাদ্যসামগ্রী ও অর্থ বিতরণ করেছি। এছাড়াও সাবান, হ্যান্ড স্যানিটাইজার ও মাস্ক বিতরণ করেছি। বিপদে আপদে সবসময় অভিভাবকের মত অসহায় মানুষের পাশে থাকার চেষ্টা করেছি।

আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী মোঃ কবির হোসেন বিশ্বাস বলেন, সার্বক্ষণিক সেবা প্রদান করায় সাধারণ মানুষের ভালোবাসা, বিশ্বাস ও আস্থা অর্জন করতে সক্ষম হয়েছি। ইউনিয়নবাসী আমাকে আবারো নলডাংগা ইউনিয়নের চেয়ারম্যান হিসেবে দেখতে চায়। জননেত্রী শেখ হাসিনা এবার দলের ত্যাগী, পরিচ্ছন্ন নেতৃত্বকে প্রাধান্য

দিচ্ছেন। আমি বিশ্বাস করি, দল আমাকে মনোনয়ন দেবে। মনোনয়ন পেলে আমি জনগণের বিপুল ভোটে বিজয়ী হয়ে ইউনিয়নের অসমাপ্ত কাজগুলো সমাপ্ত করতে পারবো।

হরিণাকুণ্ডু পৌরসভার নৌকার প্রার্থী মনোনিত হলেন ফারুক হোসেন

সকল জল্পনা কল্পনার অবসান ঘটিয়ে হরিণাকুণ্ডু পৌরসভার নৌকার প্রার্থী হিসেবে মনোনিত হলেন হরিণাকুণ্ডু পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ফারুক হোসেন।

শনিবার সন্ধ্যা ৬টায় আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের মনোনয়ন কমিটির সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।

ঝিনাইদহ আওয়ামী লীগের একটি নির্ভরযোগ্য সূত্র এই তথ্য নিশ্চিত করেন।

এছাড়াও কোটচাঁদপুর পৌরসভায় আওয়ামী লীগের দলীয় প্রার্থী হিসেবে মোঃ শাহাজান আলী কে মনোনয়ন দেওয়া হয়েছে বলেও সূত্রটি জানান।

“বাড়ি মেহেরপুর” ফেসবুক গ্রুপের উদ্যোগে কম্বল বিতরণ

“এসো দূর করি শীতার্ত মানুষের কষ্টের কালো রাত, তাদের হাতে রাখি সহানুভূতির হাত” এই প্রতিপাদ্য নিয়ে “বাড়ি মেহেরপুর” একটি ফেসবুক ভিত্তিক সামাজিক গ্রুপ’র উদ্যোগে শীতার্তদের মাঝে কম্বল

বিতরণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার “বাড়ি মেহেরপুর” এর নিজস্ব কার্যালয় (মরহুম এম.এম রুস্তম আলী এ্যাডভোকেট এর বাড়ির নীচতলা, মল্লিকপাড়া, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর সদর মেহেরপুর) বিকাল (৪:০০) ঘটিকা সময় শীতার্তদের মাঝে কম্বল বিতরণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন “বাড়ি মেহেরপুর” এর সদস্যদের মধ্যে – আসাদুজ্জামান রাজ (এডমিন), রাজু আহম্মেদ (মডারেটর), এম. সোহেল রানা, আসাবুল হক মন্ডল, আঃ সালাম প্রমুখ।

মেহেরপুরের মদনাডাংগা গার্লস হাইস্কুলের কম্বল বিতরণ

মেহেরপুর সদর উপজেলার নতুন মদনাডাংগা গার্লস হাইস্কুলের শতাধিক ছাত্রীদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

আজ শনিবার সকাল সাড়ে ১০ টার দিকে সংযোগ কানেক্টিং পিপলস এর উদ্যোগে নতুন মদনাডাংগা গার্লস হাইস্কুলে শতাধিক ছাত্রীদের মাঝে এই কম্বল রিতরণ করা হয়।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তার মাসুদুল আলম।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, স্কুল পরিচালনা পরিষদের সভাপতি আল আমিন হোসেন, প্রধান শিক্ষক রফিকুল ইসলাম সহ অভিভাবক শিক্ষক ছাত্রীরা।

ইউনুস আলীর স্মরণে কালীগঞ্জে স্মরণ সভা

২৬ শে ডিসেম্বর কালীগঞ্জ উপজেলা কৃষক লীগের সাবেক সভাপতি ডাঃ ইউনুস আলীর ৯ম মৃত্যু বার্ষিকী উপলক্ষে কালীগঞ্জে এক স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

উক্ত স্মরণ সভায় উপস্থিত ছিলেন ঝিনাইদহ চার আসনের সাংসদ আনোয়ারুল আজিম আনার।

আরো উপস্থিত ছিলেন কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ, উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী আরো সভাপতিত্ব করেন কালীগঞ্জ উপজেলা কৃষক লীগের সভাপতি আবুল কালাম আজাদ সহ আওয়ামীলীগ এর বিভিন্ন অঙ্গসংগঠনের নেতা কর্মীরা ।

কুষ্টিয়ায় প্রার্থীর প্রচারণায় কাউন্সিলরের সমর্থকদের হামলা, নিহত ১

কুষ্টিয়ায় পৌরনির্বাচনকে কেন্দ্র করে শহরের ১৩ নং ওয়ার্ডের বর্তমান কাউন্সিলর রবিউল ইসলাম রবি ও তার সমর্থকদের হামলায় প্রতিপক্ষের একজন নিহত ও কমপক্ষে পাঁচজন আহত হয়েছেন। আহতদের মধ্যে দুইজনকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা গেছে, শুক্রবার (২৫ ডিসেম্বর) রাত ১০টার দিকে ১৩নং ওয়ার্ডের কাউন্সিলর প্রার্থী মাহবুবর রহমান পাখি, তার ভাই আওয়ামী লীগ নেতা রমজান ও সমর্থক সোহেল সরকারসহ অন্যরা ত্রিমোহনী বটতলা মোড়ে নির্বাচনী প্রচারণা চালানোর সময় বর্তমান কাউন্সিলর ও প্রার্থী রবিউল ইসলাম রবি দলবল নিয়ে অচমকা পাখি ও তার ভাইয়ের ওপর হামলা চালায়।

এ সময় সোহেল বাঁধা দিলে তাকে ধাক্কা দিয়ে ফেলে দেয় রবি ও তার লোকজন। ধাক্কায় মাটিতে পড়ে অসুস্থ হয়ে পড়েন সোহেল। হাসপাতালে নেয়ার পর তিনি মারা যান। এদিকে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি রয়েছে পাখির ভাই মাজহারুল ইসলাম রমজান ও মোস্তাফিজুর রহমান।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল কালাম বিষয়টি নিশ্চিত করে বলেন, রাতে দুই প্রার্থীর মধ্যে সংঘর্ষের সময় হৃদরোগে আক্রান্ত হয়ে একজন মারা গেছেন। এ ঘটনায় বেশ কয়েকজন আহত হয়েছেন। মামলা করা হচ্ছে। সকলকে আইনের আওতায় আনা হবে।

কুষ্টিয়ায় রেণউইক যজ্ঞেশ্বরে ৩২ তম বার্ষিক সাধারন সভা

রেণউইক, যজ্ঞেশ্বর অ্যান্ড কোং (বিডি) লিমিটেড এর ৩২ তম বার্ষিক সাধারন সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার কুষ্টিয়া রেণউইক যজ্ঞেশ^রে পার্ক মাঠে সকাল ১১ টা থেকে সভা চলে বিকেল ৪ টা পর্যন্ত।

অনুষ্ঠানে কর্পোরেশন ডিরেক্টর উৎপাদন ও প্রকৌশলী এনায়েত হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের চেয়ারম্যান সনৎ কুমার শাহা।

সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন কর্পোরেশনের ইনডিপেন্ডেন্ট ডায়রেক্টর আলী হায়দার, রেণউইক যজ্ঞেশ^র অ্যান্ড কোং (বিডি) কোম্পানি সচিব জীবন নাহার, রেণউইক যজ্ঞেশ^র অ্যান্ড কোং (বিডি) ব্যবস্থাপনা পরিচালক আল ওয়াদুদ আমীন।

এছাড়া উপস্থিত ছিলেন রেণউইক যজ্ঞেশ^র অ্যান্ড কোং (বিডি) জি এম প্রশাসন শরীফুল ইসলাম, শেয়ার হোল্ডার তৌহিদুল ইসলাম, আব্দুল মালেক, কুষ্টিয়া রেণউইক যজ্ঞেশ^র সিবিএ সভাপতি রিপন হোসেন, সাধারন সম্পাদক জাফর ইকবাল, যুগ্ন সাধারন সম্পাদক শাফিকুর রহমান সহ সিবিএ নেতাকর্মীরা।

এদিকে ৬ মাসের বেতন বকেয়া নিয়ে দুশ্চিন্তায় কর্মকর্তা কর্মচারিরা।

রাধাকান্তপুর মাদ্রাসায় নূরানী বিভাগের ফলাফল প্রকাশ

মেহেরপুর সদর উপজেলার রাধাকান্তপুর মোহাম্মাদিয়া হাফিজিয়া মাদ্রাসার নূরানী বিভাগের ফলাফল প্রকাশ করা হয়েছে।

শনিবার সকালে আনুষ্ঠানিকভাবে এই ফলাফল প্রকাশ করেন মাদ্রাসার সভাপতি আমানুল্লাহ মন্ডল। এসময় প্লে, নার্সারি, ১ম ও ২য় শ্রেনীর ১ম,২য় ও ৩য় স্থান অধিকারী ছাত্র-ছাত্রীদের হাতে পুরুষ্কার তুলে দেওয়া হয়।

সেই সাথে মাদ্রাসার সাফল্য কামনায় আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। আমানুল্লাহ মন্ডলের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন, মেহেরপুর আলিয়া মাদ্রাসার আরবি প্রভাষক খাইরুল আনাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আনন্দবাস মাদ্রাসার শিক্ষক নুরুল ইসলাম নাঈম, মাদ্রাসার ম্যানেজিং কমিটির সদস্য আব্দুল লতিফ ও রুহুল আমিন।

মাদ্রাসার ম্যানেজিং কমিটির সাধারণ সম্পাদক ফকির মোহাম্মদ এর সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, মাদ্রাসার সকল বিভাগের শিক্ষকগণ ও শিক্ষার্থীদের অভিভাবকরা।